বিষয়: ই-নামজারি সিস্টেম ৩য় পর্যায়ে ৮৮টি উপজেলায় বাস্তবায়নের লক্ষ্যে ভূমি সংস্কার বোর্ডের অনুকূলে প্রশিক্ষণ-ব্যয় বাবদ অর্থ ছাড়করণ এবং Annexure-03 অনুমোদন।

অনুচ্ছেদ: ৮.০

ভূমি সংস্কার বোর্ড-এর ০৩ জানুয়ারি ২০১৮ তারিখের ৩১.০২.০০০০.০১৬.০৯.০০৭.১৮.০২ সংখ্যক স্মারক পত্রটি সদয় দেখা যেতে পারে (পতাকা-ক)। বর্ণিত পত্রে ৩য় পর্যায়ে আরও ১৪৮টি উপজেলায় ই-মিউটেশন বাস্তবায়নের লক্ষ্যে প্রশিক্ষক-প্রশিক্ষণ ও ব্যবহারকারী-প্রশিক্ষণ আয়োজনের ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ চাওয়া হয়েছে।

অনুচ্ছেদ: ৮.১

ভূমি সংস্কার বোর্ড ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রামের মধ্যে ০২ নভেম্বর ২০১৬ তারিখে স্বাক্ষরিত সমঝোতা স্মারক (পতাকা-খ) মোতাবেক ভূমি সংস্কার বোর্ড নামজারি সিস্টেমটি১ম পর্যায়ে পাইলটসহ ৫৯টি উপজেলা/সার্কেলে এবং ২য় পর্যায়ে ৫৩টি উপজেলায় বাস্তবায়নের লক্ষ্যে মাস্টার ট্রেইনারদের প্রশিক্ষণ, প্রশিক্ষক-প্রশিক্ষণ ও ব্যবহারকারী-প্রশিক্ষণ আয়োজন করে। প্রশিক্ষণ ব্যয় নির্বাহের জন্য এই কার্যালয় হতে ১ম পর্যায়ে ৫৪,৭২,২০০/- (চুয়ান্ন লক্ষ বাহাত্তর হাজার দুইশত মাত্র) টাকা (পতাকা-গ ও পতাকা-ঘ) এবং ২য় পর্যায়ে ৮৫,৬৯,০৫০/- (পঁচাশি লক্ষ উনসত্তর হাজার পঞ্চাশ টাকা মাত্র) মোট ১,৪০,৪১,২৫০/- (এক কোটি চল্লিশ লক্ষ একচল্লিশ হাজার দুইশত পঞ্চাশ) টাকা (পতাকা-ঙ) ভূমি সংস্কার বোর্ডকে প্রদান করা হয়। উক্ত বরাদ্দের পরিপ্রেক্ষিতে ভূমি সংস্কার বোর্ড ও এটুআই-এর যৌথ উদ্যোগে বর্তমানে ৫২টি জেলার ১১২টি উপজেলায় ই-মিউটেশন বাস্তবায়িত হচ্ছে (পতাকা-চ)।

অনুচ্ছেদ: ৮.২

পলিসি এডভাইজার মহোদয়ের সাথে আলোচনার প্রেক্ষিতে ভূমি সংস্কার বোর্ড কর্তৃক চাহিত ১৪৮টি উপজেলার স্থলে আপাততঃ ৮৮টি উপজেলায় ই-মিউটেশন সুষ্ঠুভাবে সম্প্রসারণের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রশিক্ষণ আয়োজন করা প্রয়োজন। উল্লেখ্য বর্তমানে প্রস্তাবিত ৩য় পর্যায়ের ৮৮টি উপজেলায় প্রশিক্ষণের পর পূর্বের ১১২টি সহ মোট ২০০ টি উপজেলায় ই-মিউটেশন সম্প্রসারিত হবে।

(১)**প্রশিক্ষক-প্রশিক্ষণ:** ৮৮টি উপজেলার মোট ৩৬০ (তিনশত ষাট) জনকে ১৫টি ব্যাচে প্রশিক্ষক-প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রতি উপজেলা হতে ০৪ (চার) জন (সহকারী কমিশনার (ভূমি), কানুনগো, সার্ভেয়ার, ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা) করে উক্ত প্রশিক্ষণে অংশ নেবেন।

(২)**ব্যবহারকারী-প্রশিক্ষণ:** ৮৮টি উপজেলায় ব্যবহারকারীর সংখ্যা- ১৭৬০ জন। প্রতিটি উপজেলায় ০১টি করে মোট ৮৮ ব্যাচে ব্যবহারকারী-প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। প্রশিক্ষকগণব্যবহারকারীদের প্রশিক্ষণ প্রদান করবেন। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করবেন উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিসের কর্মচারীগণ (কানুনগো, প্রধান সহকারী, সার্টিফিকেট পেশকার,সার্টিফিকেট সহকারী, নাজির কাম-ক্যাশিয়ার,ক্রেডিট চেকিং কাম সায়রাত সহকারী, সার্ভেয়ার, ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তাগণ)।

অনুচ্ছেদ: ৮.৩

উল্লিখিত প্রশিক্ষণসমূহের সম্ভাব্য বাজেট নিম্নরূপ:

(ক) প্রশিক্ষক-প্রশিক্ষণ (০৪ দিনব্যাপী, মোট ব্যাচ-১৫ টি)-এর বাজেটঃ

ক্রম	ব্যয়ের খাত	ব্যয়ের বিবরণ	ব্যাচ সংখ্যা	অংশগ্রহণকারী	দিন	মোট	একক মূল্য	ব্যয় (টাকা)	মন্তব্য
১	খাবার	সকালে নাস্তা,দুপুরের খাবার, বিকালের নাস্তা	১	৩০	৪	১২০	৫০০	৬০,০০০/-	
২	উপকরণ	কলম, প্যাড, ফোল্ডার		২৪		২৪	১৫০	৩,৬০০/-	
৩	ভাতা/ ডিএসএ	অংশগ্রহণকারী		২৪	৪	৯৬	২০০০	১৯২,০০০/-	
৪	সম্মানী	কোর্স পরিচালক		১	৪	৪	১২০০	৪,৮০০/-	
৫	সম্মানী	কোর্স সমন্বয়ক		১	৪	৪	১০০০	৪,০০০/-	
৬	সম্মানী	রিসোর্স পারসন		২	২	৪	১৫০০	৬,০০০/-	
৭	সম্মানী	প্রশিক্ষক		৫	৪	২০	১২০০	২৪,০০০/-	
৮	সম্মানী	সাপোর্ট স্টাফ		২	৪	৮	৫০০	৪০০০/-	
৯	আনুষঙ্গিক	সনদ, ব্যানার, ম্যানুয়েল ও অন্যান্য						৫,০০০/-	
	মোট	তিন লক্ষ তিন হাজার চারশত টাকা মাত্র						৩,০৩,৪০০/-	

প্রতি ব্যাচ ৩,০৩,৪০০/-(তিন লক্ষ তিন হাজার চারশত)টাকা হিসাবে ১৫ ব্যাচের জন্য ৩,০৩,৪০০/-x ১৫= ৪৫,৫১,০০০/- (পঁয়তাল্লিশ লক্ষ একান্ন হাজার টাকা মাত্র)।

(খ)ব্যবহারকারী-প্রশিক্ষণ (০৪ দিনব্যাপী, মোট ব্যাচ-৮৮ টি)-এর বাজেটঃ

প্রতিটি ব্যবহারকারী-প্রশিক্ষণ-এ নিম্নরূপ হারে অর্থ ব্যয় করা হবেঃ

ক্রম	ব্যয়ের খাত	ব্যয়ের বিবরণ	অংশগ্রহণকারী	দিন	মোট	একক মূল্য	মোট
১	খাবার	সকালে নাস্তা,দুপুরের খাবার, বিকালের নাস্তা	২৬	৪	১০৪	২৫০	২৬,০০০
২	উপকরণ	কলম, প্যাড, ফোল্ডার	২০	-	২০	১৫০	৩,০০০
৩	ভাতা/ ডিএসএ	অংশগ্রহণকারী	২০	৪	৮০	৪০০	৩২,০০০
৪	সম্মানী	কোর্স সমন্বয়ক	১	৪	৪	৮০০	৩,২০০
৫	সম্মানী	রিসোর্স পারসন	১	৪	৪	১৫০০	৬,০০০
৬	সম্মানী	প্রশিক্ষক	৫	৪	২০	১২০০	২৪,০০০
৭	সম্মানী	সাপোর্ট স্টাফ	২	৪	৮	৩০০	২,৪০০
৮	আনুষঙ্গিক						৩,০০০
	মোট		নিরানব্বই হাজার ছয়শত টাকা মাত্র				৯৯,৬০০/-

প্রতি ব্যাচ ৯৯,৬০০/-(নিরানব্বই হাজার ছয়শত)টাকা হিসাবে ৮৮ ব্যাচের জন্য ৯৯,৬০০/-x ৮৮= ৮৭,৬৪,৮০০/- (সাতাশি লক্ষ চৌষট্টি হাজার আটশত টাকা মাত্র)।

অনুচ্ছেদ: ৮.৪

৮.৩ অনুচ্ছেদে বর্ণিত (ক) ও (খ) উপানুচ্ছেদের সারসংক্ষেপ নিম্নরূপ:

ক্রম	প্রশিক্ষণ	ব্যাচ সংখ্যা	ব্যাচ প্রতি ব্যয় (টাকা)	মোট ব্যয় (টাকা)	মোট ব্যয় টাকা (কথায়)
১	প্রশিক্ষকদের প্রশিক্ষণ	১৫	৩,০৩,৪০০/-	৪৫,৫১,০০০/-	পঁয়তাল্লিশ লক্ষ একান্ন হাজার টাকা মাত্র
৩	ব্যবহারকারীদের প্রশিক্ষণ	৮৮	৯৯,৬০০/-	৮৭,৬৪,৮০০/-	সাতাশি লক্ষ চৌষট্টি হাজার আটশত টাকা মাত্র
মোট=				১,৩৩,১৫,৮০০/-	এক কোটি তেত্রিশ লক্ষ পনের হাজার আটশত টাকা মাত্র

৩য় পর্যায়ে ৮৮ টি উপজেলার ৩৬০ জন প্রশিক্ষক প্রশিক্ষণের জন্য ৪৫,৫১,০০০/- (**পঁয়তাল্লিশ লক্ষ একান্ন হাজার টাকা মাত্র**) এবং ১৭৬০ জন ব্যবহারকারীর প্রশিক্ষণের জন্য = ৮৭,৬৪,৮০০/- (**সাতাশি লক্ষ চৌষট্টি হাজার আটশত টাকা মাত্র**); মোট- ১,৩৩,১৫,৮০০/- (**এক কোটি তেত্রিশ লক্ষ পনের হাজার আটশত টাকা মাত্র**) প্রয়োজন।

উল্লেখ্য, প্রশিক্ষক-প্রশিক্ষণ ও ব্যবহারকারী-প্রশিক্ষণ উভয়ের ক্ষেত্রে কার্যকরভাবে প্রশিক্ষণে সহায়তা প্রদানের জন্য সাপোর্ট স্টাফ ০১ একজনের স্থলে ০২ জন প্রস্তাব করা হয়েছে।

অনুচ্ছেদ: ৮.৫

বর্ণিতসমঝোতা স্মারকের ৩.২.২ ও ৩.২.৩ অনুচ্ছেদ অনুযায়ী Second Party (এটুআই) will provide training to the officials of the First Party (ভূমি সংস্কার বোর্ড) on development, maintenance and hosting of e-services and provide the First Party (ভূমি সংস্কার বোর্ড) technical support for implementation of e-services developed by the Second party (এটুআই)" (পতাকা-ছ)। ভূমি সংস্কার বোর্ড কর্তৃক নামজারি সিস্টেমটি আরও৮৮টি উপজেলা/সার্কেল ভূমি অফিসেসম্প্রসারণ করার লক্ষ্যে সংশ্লিষ্ট কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের উদ্দেশ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের আওতায় Annexure-03 (পতাকা-জ) স্বাক্ষর করা প্রয়োজন।

অনুচ্ছেদ: ৮.৬

নিম্নোক্ত শর্তে বর্ণিত প্রশিক্ষণের জন্য ১,৩৩,১৫,৮০০/- (**এক কোটি তেত্রিশ লক্ষ পনের হাজার আটশত টাকা মাত্র**) টাকা ভূমি সংস্কার বোর্ড-এর অনুকূলে সমান (০২) দুই কিস্তিতে ছাড় করা যেতে পারে:

শর্তাবলি:

(ক) সরকারি বিধি-বিধান অনুযায়ী এই অর্থ ব্যয় করতে হবে;
(খ) Annexure -03-এ উল্লিখিত খাত ব্যতীত অন্য কোনো খাতে এই অর্থ কোনক্রমেই ব্যয় করা যাবে না;
(গ) এই খরচের হিসাব বিধি-মোতাবেক অডিটের জন্য ভূমি সংস্কার বোর্ড সংরক্ষণ করবে; এবং
(ঘ) প্রযোজ্য ক্ষেত্রে বিধি মোতাবেক ভ্যাট ও ট্যাক্স কর্তন করতে হবে।

অনুচ্ছেদ: ৮.৭

এমতাবস্থায়,ই-নামজারি সিস্টেমটি ৩য় পর্যায়ে আরও ৮৮টি উপজেলায়সম্প্রসারণ করার লক্ষ্যে অনুচ্ছেদ ৮.৪, ৮.৫ এবং ৮.৬ সদয় অনুমোদন করা যেতে পারে এবং স্বাক্ষরিত সমঝোতা স্মারকের আওতায় Annexure -03 সদয় অনুমোদন ও স্বাক্ষর করা যেতে পারে।

১৫-১-২০১৮ ১৫:৩৪:০৮	১৫-১-২০১৮ ১৭:১৯:৫০	১৯-১-২০১৮ ১১:২৮:৩৮	২২-১-২০১৮ ২০:৩৫:১৪
মোহাম্মদ এনামুল হক	জালাল উদ্দিন আহমেদ	আনীর চৌধুরী	কবির বিন আনোয়ার
ন্যাশনাল কনসালটেন্ট , ই-সার্ভিস	এডমিন স্পেশালিস্ট (অতিরিক্ত দায়িত্ব)	পলিসি অ্যাডভাইজর	প্রকল্প পরিচালক, প্রকল্প পরিচালকের দপ্তর

১১-২-২০১৮ ১৩:৯:০৮
মোহাম্মদ এনামুল হক
ন্যাশনাল কনসালটেন্ট , ই-সার্ভিস